

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
raigonj.sirajganj.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি তৃপ্তি কণা মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে;

ক) ভোটার তালিকা প্রকাশঃ

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিলঃ

১.	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫-০৪-২০২৩ (বুধবার)
২.	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ (রবিবার)
৩.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১-০৪-২০২৩ (মঙ্গলবার)
৪.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ (রবিবার)
৬.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ (সোমবার)
৭.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ (শনিবার)


ভোট গ্রহণ সময়সীমাঃ বিরতিহীনভাবে সকাল ০৯:০০ হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে।

২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয় রায়গঞ্জ, সিরাজগঞ্জ এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখঃ ১৬-০৩-২০২৩

নির্বাচনি এলাকার নামঃ রায়গঞ্জ উপজেলা, সিরাজগঞ্জ।


(তৃপ্তি কণা মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
২৩.০৩.২০২৩

ও
রিটার্নিং অফিসার, রায়গঞ্জ উপজেলা কমান্ড
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
রায়গঞ্জ, সিরাজগঞ্জ